




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়



পীরগঞ্জ সরকারি কলেজ  
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।


২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ  
স্লিপের অনলাইন আবেদন সম্পর্কিত জরুরী বিজ্ঞপ্তি


বিজ্ঞপ্তি নং-৭৫

তারিখ : ১৬/১০/২০২১খ্রি.

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ স্লিপের অনলাইন আবেদন আগামী ১৮ অক্টোবর বিকাল ৪টা থেকে শুরু হয়ে ৩১ অক্টোবর ২০২১খ্রি. তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে যে সকল আবেদনকারী (ক) মেধা তালিকায় স্থান পায়নি (খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি (গ) মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে ১ম রিলিজ স্লিপে আবেদন করতে হবে। কলেজ কর্তৃক যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চায়ন করা হয়নি, সে সকল আবেদনকারী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) এর Prospectus (Honours)/Important Notice অপশন থেকে জানা যাবে।

- বিঃদ্র:-
- ১ম রিলিজ স্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে।
  - এ পর্যায়ে আবেদনকারী বিভাগ ও জেলাভিত্তিক College Selection Option এ গিয়ে পীরগঞ্জ সরকারি কলেজ Select করলে পীরগঞ্জ সরকারি কলেজের ভর্তিযোগ্য (Eligible) বিষয়ে শূন্য আসনের তালিকা দেখতে পাবে। বিষয়ভিত্তিক শূন্য আসনের তালিকা থেকে তার ভর্তিযোগ্য (Eligible) বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে। [এভাবে একজন আবেদনকারী পর্যায়ক্রমে তার পছন্দ অনুযায়ী সর্বোচ্চ পাঁচটি কলেজে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে পারবে।]
  - আবেদনকারীকে রিলিজ স্লিপের আবেদন ফরমটি ডাউনলোড করে অফসেট সাদা কাগজে প্রিন্ট করে তা সংগ্রহ করতে হবে। তবে এই ফরমটি অত্র কলেজে জমা দিতে হবে না ও এর জন্য কোন ফি অত্র কলেজে প্রদান করতে হবে না।

  
(প্রফেসর মোঃ আব্দুল জলিল-৫৯২৬)  
অধ্যক্ষ  
পীরগঞ্জ সরকারি কলেজ  
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

  
১৬/১০/২১